ব্রাহ্মণী নদীতে নৌকা উল্টে মৃত ১

নিজস্ব সংবাদদাতা, রামপুরহাট: ব্রাহ্মণী নদীতে গতকাল নৌকা উল্টে এক ব্যক্তির মৃত্যু হয়েছে। তিনজন নিখোঁজ। মৃতের নাম সলমন খান। তার বাড়ি মুর্শিদাবাদের কালিয়াগঞ্জে। অভিযোগ, নদী থেকে অবৈধভাবে বালি তোলার সময় নৌকা উল্টে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে ওই এলাকায় বালি মাফিয়ারা সক্রিয়। তারা নৌকায় চেপে মাঝ নদীতে গিয়ে মেশিনের সাহায্যে বালি তোলে। কিন্তু প্রশাসনের বিষয়টি নিয়ে কোনও হেলদোল নেই। গতকালও কয়েকজন এভাবে ব্রাহ্মণী নদী থেকে বালি তুলছিল। যদিও বালি তোলার ঘটনাটি অস্বীকার করেছে পুলিশ।

স্থানীয়দের দাবি, গতকাল নদী থেকে বালি তুলতে গেলে নৌকা উল্টে তলিয়ে যায় চারজন। সন্ধ্যার দিকে রামপুরহাট ও নলহাট থানার পুলিশ যৌথভাবে অভিযান চালিয়ে সলমান খানের মৃতদেহ উদ্ধার করে। রামপুরহাট মহকুমা পুলিশ আধিকারিক মিতুল দে বলেন, ''এলাকায় পুলিশ রয়েছে। আমার কাছে আর কোনও খবর নেই।''

পঞ্চায়েতের কাজকর্ম নিয়ে সিডি প্রকাশ করল প্রতাপ্যাদিত্য গ্রাম পঞ্চায়েত

নিজস্ব সংবাদদাতা,কাকদ্বীপ : বিগত পাঁচ বছরের কাজকর্ম নিয়ে একটি সিডি প্রকাশ করল প্রতাপাদিত্য নগর গ্রাম পঞ্চায়েতে। উদ্বোধন করেন সুন্দরবন উন্নয়মন্ত্রী মন্টুরাম পাখিরা। এছাড়াও গ্রাম পঞ্চায়েতের নিজস্ব তহবিল থেকে একটি শিশুবিকাশ কেন্দ্রের নিজস্ব গৃহেরও উদ্বোধন করেন মন্ত্রী।

উল্লেখ্য এই গ্রাম পঞ্চায়েত ইতিমধ্যে নির্মল মিশন বাংলায় জেলা এবং রাজ্যে প্রথমসারির গ্রাম পঞ্চায়েত রূপে স্থান পেয়েছে। শুধু তাই নয়, সম্প্রতি কেন্দ্রীয় সরকারের মানবসম্পদ উন্নয়ন দফতর এই গ্রাম পঞ্চায়েতকে মডেল গ্রাম পঞ্চায়েত রূপে চিহ্নিত করার বিবেচনা করেছে।

সুডোকু মেলাও — বুদ্ধি বাড়াও

	6		1				8	
				3				6
		3	6	8		7		2
		1			5	8	7	9
2	8	9	4			6		
5		8		1	6	4		
4				5				
	7				9		2	

গতকালের সমাধান

5	4	3	7	1	6	8	2	9
2	7	8	9	3	4	5	6	1
6	9	1	8	5	2	7	3	4
9	5	7	1	2	8	3	4	6
1	8	4	6	9	3	2	7	5
3	2	6	4	7	5	1	9	8
7	1	5	2	4	9	6	8	3
8	3	9	5	6	7	4	1	2
4	6	2	3	8	1	9	5	7

আবহাওয়া

পূর্বাভাস: রবিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩৫ ডিগ্রি ও ২৮ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩৫ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৫২ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।১৪, **সূর্যাস্ত:** ঘ ৫।৪৮। **জোয়ার:** ভোর ৫.১৪। **ভাটা:** বিকাল ৫.৪৮।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

–সম্পাদক

মুদ্রা বিনিময় হার

RBI REFERENCE RATE

INR / 1 USD	:	64.2170
INR / 1 Euro	:	69.8809
INR / 100 Jap. YEN	:	57.7200
INR / 1 Pound Sterling	:	82.8271

শেয়ারসূচক

BSE	29,461.45	▼-111.34
NIFTY	9173.75	▼-38.10

শব্দলিপি- ১১৫৫

ছক-৩

সরোজ মিত্র

পাশাপাশি ঃ ১। পায়রার খোপ ৪। মন্দ বাক্য ৫। কখনও ৭। চিনির তৈরি সাদা মিঠাই বিশেষ ৮। যোগসূত্র ১০। সভা ১২। কপাল ১৩। মুকুন্দরামের দেবী চণ্ডী

উপরনীচ ঃ ১। সত্যরক্ষাকারী ২। ছুতোর ৩। মহিলা শ্রমিক ৪। যৌগিক প্রক্রিয়া বিশেষ ৬। দনুজপীড়ণকারিনী দুর্গা ৯। নাগাসন্ন্যাসী ১০। চোখের পাতা ১১। আকস্মিক

সমাধান ঃ শব্দলিপি - ১১৫৪

পাশাপাশি ঃ ১। মালদার ৪। বদনা ৬। ননদিনি ৭। কমলাসনা ৯। রঙ্গবিরঙ্গ ১১। ললাটিকা ১৩। নয়ন ১৪। রসভরা

উপরনীচ ঃ ২। লগন ৩। রজনিকর ৪। বনমালা ৫। নায়ক নায়িকা ৬। নজিরবিহীন ৮। মঙ্গলকর ১০। বিলসন ১২। টিট্টিভ

উস্তিতে খুন ব্যবসায়ী

নিজস্ব সংবাদদাতা,উস্তি : এক ব্যবসায়ীকে গুলি করে খুন করল দুষ্কৃতীরা। শুক্রবার রাতে ঘটনাটি ঘটে দক্ষিণ ২৪ পরগনার উস্তির উত্তর কুসুম এলাকায়। নিহতের নাম আব্দুল ওদুদ লস্কর।

স্থানীয়রা জানায়, শুক্রবার রাতে নিজের দোকানে একাই ছিলেন আব্দুল। সেই সময় সিগারেট কেনার অছিলায় তিন-চারজন তার দোকানে যায়। এরপর তার মাথায় ও বুকে গুলি করে। ঘটনাস্থলেই মৃত্যু হয় আব্দুলের।

খবর পেয়ে উস্তি থানার পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। প্রাথমিক তদন্তে পুলিশের অনুমান, পুরনো বিবাদের জেরে খুন করা হয়েছে আব্দুলকে। ঘটনার তদন্ত শুরু করেছে উস্তি থানার পুলিশ। ঘটনাস্থলে যান রাজ্যের সংখ্যালঘু উন্নয়ন প্রতিমন্ত্রী গিয়াসউদ্দিন মোল্লা। দোষীদের গ্রেফতারের জন্য পুলিশকে নির্দেশ দিয়েছেন তিনি।

স্কুলে চাকরি দেওয়ার নামে প্রতারণা

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: স্কুলে চাকরি দেওয়ার নাম করে প্রতারণার অভিযোগ উঠল একটি সংস্থার বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে হাওড়ার জি টি রোডে। জানা গেছে, বেসরকারি স্কুলে কাজ পাইয়ে দেওয়ার নামে ওই সংস্থা বেকার যুবক-যুবতীদের কাছ থেকে লক্ষাধিক টাকা ঘুষ নিত। অথচ চাকরি হত না। ওই ভুয়ো সংস্থাটি অফিস করেছিল হাওড়ার জি টি রোডের বিবেক বিহার কমপ্লেক্সে। ওই ভুয়ো সংস্থার বিরুদ্ধে শিবপুর থানায় শিবপুরের একটি বাসিন্দা অভিযোগ দায়ের করেন। সেই অভিযোগের ভিত্তিতে শিবপুর থানার পুলিশ ওই ভুয়ো সংস্থার অফিসে রেড করে। কিন্তু সংস্থার প্রতারকদের ধরতে হাওড়ার শিবপুর থানা পুলিশ তল্লাশি অভিযান শুরু করেছে।

ভাগ্যলিপি

মেষ
প্রেম ও ব্যবসার ক্ষেত্রে দিনটা অত্যন্ত শুভ।

বৃষ
হঠাৎ কোনও সুযোগ আসতে পারে। ব্যবসায়ীদের পক্ষে দিনটি ভাল।

মিথুন
নিজের মনের কথা জানানোই এটাই সেরা সময়। কাছে পিঠে সপরিবারে ঘুরে আসতে পারেন।

কর্কট
হঠাৎ কোনও উপহার পেতে পারেন। কর্মক্ষেত্রে প্রশংসা অর্জন করবেন।

সিংহ
কোনও নারীর সাহায্যে সৌভাগ্য অর্জন করতে পারেন।

কন্যা
পরিবারের দিকে আরও সময় দেওয়ার প্রয়োজন।

তুলা
কোনও আনন্দ অনুষ্ঠানে যোগ দিতে পারেন।

বৃশ্চিক
সমমনোভাবাপন্ন ব্যক্তিদের সহচার্য্য লাভ করবেন।

ধনু
নতুন কোনও সম্পর্কে জড়িয়ে পড়তে পারেন।

মকর
দীর্ঘদিনের কোনও ইচ্ছাপূরণ হতে পারে।

কুম্ভ
দীর্ঘমেয়াদি লক্ষ্যে কাজ শুরু করার পক্ষে এটাই সেরা সময়। সুযোগের সৎ ব্যবহার করুন।

মীন
আজ আপনার ইচ্ছাশক্তি চূড়ান্ত সীমায় থাকবে।

১৫ বছর পর ছেলেকে খুঁজে পেলেন বাবা

নিজস্ব সংবাদদাতা, হালিশহর : ২০০৩ সালের ৩০ এপ্রিল স্কুলব্যাগ,সাইকেল আর মাত্র ৮০ টাকা পকেটে নিয়ে স্কুল যাওয়ার পথে নিখোঁজ হয়েছিল হালিশহরের খাসবাটির বাসিন্দা সঞ্জয় কুমার বসু। তারপর থেকে সঞ্জয়ের খোঁজে রাতদিন এক করে ফেলেছিলেন বাবা সাধন বসু। বহু খোঁজাখুঁজির পরেও সঞ্জয়কে পাওয়া যায়নি। কিন্তু সাধনবাবুর দাবি করেছেন, দীর্ঘ ১৫ বছর পর শুক্রবার তিনি তার ছেলেকে খুঁজে পেয়েছেন। সঞ্জয়কে খুঁজে পেয়েছেন বাড়ির কাছেই বীজপুর থানার অন্তর্গত সরকার বাজার এলাকায়। সাধনবাবু এই দাবি করলেও পুলিশ জানিয়েছে, বিষয়টি আদালতে প্রমাণ সাপেক্ষ।

সাধনবাবু জানান, কয়েকদিন আগে সরকার বাজারে একটি মিষ্টির দোকানে ছানা সাপ্লাই করতে এসেছিল সঞ্জয়। সেই সময় সেখানে উপস্থিত ছিলেন সাধনবাবু। তিনি সঞ্জয়কে দেখে চিনতে পারেন। সেখানে দীর্ঘক্ষণ দাঁড়িয়ে সাধনবাবু প্রথমে সঞ্জয়ের গতিবিধি অনুসরণ করেন। পরে কথা বলতে শুরু করেন। সঞ্জয়কে পুরনো দিনের কথা মনে করানোর চেষ্টা করেন। এমনকি বাড়িতেও নিয়ে যান। তখন নিজের বাড়ি সহ আশপাশের এলাকার কথা নাকি সঞ্জয়ের মনে পড়ে। এরপর বিষয়টি হালিশহর পুরসভার স্থানীয় কাউন্সিলরকে জানালে তিনি সাধনবাবুকে বীজপুর থানায় জানানোর পরামর্শ দেন। সেই মতো গতরাতেই সঞ্জয়কে নিয়ে বীজপুর থানায় হাজির হন সাধনবাবু। পুলিশকে তিনি জানান, কীভাবে তার ছেলে হারিয়ে গিয়েছিল এবং কীভাবে তিনি তাকে খুঁজে পেয়েছেন। পুলিশকে সাধনবাবু অভিযোগ করেন, তার ছেলেকে কেউ এমন কিছু খাইয়ে দিয়েছিল যার জন্য তার স্মৃতিবিভ্রম হয়েছিল। বীজপুর থানার পুলিশ অবশ্য জানিয়েছে, আদালতে পর্যাপ্ত প্রমাণ দিলে তবেই পিতা-পুত্রের মিলন সম্ভব। সাধনবাবু জানিয়েছেন, ছেলেকে ফিরে পেতে তিনি যাবতীয় প্রমাণ দিতে প্রস্তুত।

বিজেপি কর্মী আক্রান্ত

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: রামনবমীর পতাকা লাগানোকে কেন্দ্র করে ঝামেলা। তার জেরে সন্তোষ বর্মা নামে এক বিজেপি কর্মীকে মারধরের অভিযোগ উঠেছে। ঘটনাটি ঘটেছে শিবপুর ট্রামডিপো এলাকায়, বিজেপির জেলা সভাপতি সুরজিৎ সাহার অভিযোগ, মল্লু সিং নামে তৃণমূল আশ্রিত এক গুন্ডা ও তার দলবল সন্তোষকে বিচালিঘাটে নিয়ে গিয়ে বেধড়ক মারধর করে। সন্তোষকে হাওড়া হাসপাতালে ভর্তি করা হয়। শিবপুর থানায় অভিযোগ দায়ের হয়েছে। শুক্রবার বিজেপি'র রাজ্য সহ সভাপতি বিশ্বপ্রিয় রায়চৌধুরি হাওড়া হাসপাতালে আহতকে দেখতে আসেন। ঘটনায় কেউ গ্রেফতার হয়নি।

উলুবেড়িয়ায় আহত ৪ পুলিশ কর্মী

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: হাওড়ার উলুবেড়িয়ায় ট্রাকের ধাক্কায় আহত হলেন ৪ পুলিশ কর্মী। ঘটনাটি ঘটেছে শুক্রবার রাতে উলুবেড়িয়া বানতলা চেকপোস্টের কাছে। জানা গেছে, ওইদিন রাতে রাস্তায় পেট্রোলিং করছিলেন ৪ পুলিশ কর্মী। সেই সময় কলকাতাগামী একটি ট্রাক দ্রুতগতিতে যাচ্ছিল। ওই ৪ পুলিশ কর্মী ওই ট্রাকটিকে দাঁড়াতে বলে কিন্তু ট্রাকটি না দাঁড়িয়ে ৪ পুলিশ কর্মীকে ধাক্কা মেরে চলে যায়। ঘটনাস্থলেই আহত হন ৪ পুলিশ কর্মী। তাদের উদ্ধার করতে অন্যান্য পুলিশ কর্মী ছুটে আসেন। আশঙ্কাজনক ওই ৪ পুলিশ কর্মীকে ভর্তি করা হয় হাসপাতালে। তারা বর্তমানে উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন। ঘাতক ট্রাকটির সন্ধান করছে পুলিশ।

নির্মল জেলার শিরোপা পেল হাওড়া জেলা।

হাওড়ায় শিশুর ভ্রূণ উদ্ধার

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: হাওড়ার মালিপাঁচঘড়ায় স্থানীয় সাহেববাগান মাঠের কাছে এক শিশুর ভ্রূণ উদ্ধার হয়। সেটি একটি হাইড্রেনের মধ্যে পড়েছিল। খবর পেয়ে পুলিশ যায় ঘটনাস্থলে। মানব ভ্রূণটি উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়। পুলিশ জানিয়েছে, অপরিণত অবস্থায় থাকায় তার লিঙ্গ নির্ধারণ করা যায়নি। সম্ভবত কেউ রাতের অন্ধকারে সেটিকে ড্রেনের মধ্যে ফেলে রেখে পালিয়ে যায়।

পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা করল রাজ্য সরকার

নিজস্ব সংবাদদাতা,কাকদ্বীপ : মথুরাপুর ২ নং ব্লকের বাসিন্দাদের কাছে নলবাহিত পরিস্রুত পানীয় জলের ব্যবস্থা করল মা-মাটি মানুষের সরকার। রায়দিঘির নন্দকুমারীপুরে এই প্রকল্পের শিলান্যাস করলেন পশ্চিমবঙ্গের পঞ্চায়েত গ্রামোন্নয়ন দফতরের মাননীয় মন্ত্রী সুব্রত মুখোপাধ্যায়।

নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগ প্রতিবেশীর বিরুদ্ধে

নিজস্ব সংবাদদাতা,নদিয়া : শনিবার সকালে পাশের পাড়ায় পিসির বাড়িতে গিয়েছিল ৭ বছরের মেয়েটা। একা একাই ফিরছিল। কিন্তু পথে যে ওৎ পেতে রয়েছে বিপদ, তা বুঝতে পারেনি একরত্তি মেয়েটা।

নাবালিকাকে যৌন নির্যাতনের অভিযোগ প্রতিবেশী প্রৌঢ়ের বিরুদ্ধে। ঘটনা ঘিরে নদিয়ার নাকাশিপাড়ায় চাঞ্চল্য। পরিবারের দাবি, পিসির বাড়ি থেকে ফেরার সময় ১০ টাকার লোভ দেখিয়ে নাবালিকাকে বাঁশ বাগানে ডেকে নিয়ে যান প্রতিবেশী আনিসুর শেখ।

সেখানে দ্বিতীয় শ্রেণির ছাত্রীকে যৌন নির্যাতন চালানো হয় বলে অভিযোগ। ঘটনার সময় অভিযুক্তকে হাতেনাতে ধরে ফেলেন নির্যাতিতার কাকা। পরিবারের দাবি, গ্রামবাসীকে ডাকতে গেলে বাবাকে ছিনিয়ে নিয়ে যায় অভিযুক্তের ছেলে। ঘটনায় নাকাশিপাড়া থানায় অভিযোগ দায়ের করেছে নাবালিকার পরিবার। অভিযুক্তের খোঁজে চলছে জোর তল্লাশি। পকসো আইনে মামলা রুজু হয়েছে।

গাছের ডালের আঘাতে মৃত ব্যক্তি

নিজস্ব সংবাদদাতা,ফরাক্কা : ভেঙে পড়া গাছের ডালে আঘাত লেগে মৃত্যু হল এক ব্যক্তির। শনিবার দুপুরে মুর্শিদাবাদের নিউ ফরাক্কা স্টেশনের কাছে রেল কোয়ার্টারের সামনে দুর্ঘটনাটি ঘটে। তবে মৃতের নাম ও পরিচয় জানা যায়নি। অন্যদিকে কালবৈশাখি ঝড়ের তাণ্ডবে বন্ধ হয়ে গেল এনটিপিসি-র উৎপাদন। ওই তাপবিদ্যুৎ কেন্দ্রের পাঁচটি ইউনিটের বিদ্যুৎ উৎপাদন বন্ধ হয়ে গেছে।

রঘুনাথগঞ্জে ব্যাপক শিলাবৃষ্টির কারণে ক্ষয়ক্ষতি হয়েছে আম ও লিচু চাষে। বহু জায়গায় গাছের ডাল ভেঙে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়েছে। শনিবার দুপুর আড়াইটে নাগাদ ঝড়ো হাওয়া লন্ডভন্ড করে দেয় গোটা জেলা। ঝড়ের দাপটে সব থেকে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে জঙ্গিপুর মহকুমা। বন্ধ হয়ে গেছে ফরাক্কা তাপবিদ্যুৎ কেন্দ্রের উৎপাদন। টেকনিক্যাল ফল্টের কারণে উৎপাদন ব্যাহত হয়েছে বলে জানানো হয়েছে এনটিপিসি-র তরফে। যুদ্ধকালীন তৎপরতায় বিষয়টি দেখা হচ্ছে বলে জানিয়েছেন তিনি। অন্যদিকে একই সময়ে ঝড় ও শিলাবৃষ্টিতে ক্ষয়ক্ষতি হয়েছে আম ও লিচু চাষে।

মহিলাকে ধর্ষণ করে খুনের অভিযোগ

নিজস্ব সংবাদদাতা,রানাঘাট : মহিলাকে ধর্ষণ করে খুনের অভিযোগ উঠল এক প্রতিবেশীর বিরুদ্ধে। ঘটনাটি রানাঘাট থানার তিলডাঙা এলাকার। অভিযুক্ত রাম মুহরি ও তার মাকে গ্রেফতার করেছে পুলিশ।

রানাঘাট থানার ন'পাড়া মুসুন্ড গ্রাম পঞ্চায়েতের তিলডাঙা গ্রামের বাসিন্দা ছিলেন ওই মহিলা। অভিযোগ, প্রতিবেশী রাম মুহরি কুপ্রস্তাব দিত মহিলাকে। তা নিয়ে কিছুদিন আগে রামের সঙ্গে ওই মহিলার স্বামীর বচসা হয়। সেই সময় রাম ওই মহিলা ও তার স্বামীকে হুমকি দেয়।

এরপর ২৪ মার্চ বাজার করার জন্য বাড়ি থেকে বের হয়ে নিখোঁজ হয়ে যান ওই মহিলা। ২৭ মার্চ পরিবার জানতে পারে রানাঘাট মহকুমা হাসপাতালে ভর্তি রয়েছেন তিনি। এরপর সেখানেই তার মৃত্যু হয়।

মহিলার মৃত্যুর পর রানাঘাট থানায় রাম ও তার মায়ের বিরুদ্ধে ধর্ষণ করে খুনের অভিযোগ দায়ের করে মহিলার পরিবার। সেই অভিযোগের ভিত্তিতে পুলিশ শনিবার দু'জনকে গ্রেফতার করে।

নাবালিকাকে অপহরণের অভিযোগ

স্টাফ রিপোর্টার : নাবালিকার অপহরণ করার অভিযোগ উঠল এক ব্যক্তির বিরুদ্ধে। কলকাতার দত্তাবাদ রোডের বাসিন্দা সমীর মণ্ডল পুলিশের দ্বারস্থ হন। তার অভিযোগ ছিল তার মেয়েকে কেউ বা কারা অপহরণ করেছে। তদন্তে নামে পুলিশ। শুক্রবার সন্ধ্যা সাড়ে ছটা নাগাদ তার মেয়ে প্রাইভেট টিউশন পড়তে বেরোয়। দীর্ঘক্ষণ না ফেরায়, পরিবার পুলিশের দ্বারস্থ হয়।তদন্তে জানা যায়, শ্যামাপদ সরকার নামে এক ব্যক্তির সঙ্গে মেয়েটিকে কথা বলতে দেখা যায়। শ্যামাপদ সরকারের খোঁজে তল্লাশি চালায় পুলিশ। শনিবার সকালে দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপ থেকে তাকে গ্রেফতার করে পুলিশ। জেরায় শ্যামাপদ জানায়, মেয়েটিকে বিয়ের প্রলোভন দেখিয়ে অপহরণ করেছে সে। অপহৃতাকে উদ্ধার করেছে পুলিশ।

হনুমান জয়ন্তীতে হাওড়ায় মিছিল

নিজস্ব সংবাদদাতা,হাওড়া: মহাবীর জয়ন্তী উপলক্ষে শনিবার সকালে বেলুড় ও লিলুয়া অঞ্চলে বর্ণাঢ্য শোভাযাত্রা বের হয়। সকাল ৬.৩০টা নাগাদ ঘুসুড়ির হনুমান ভক্ত মণ্ডল থেকে স্থানীয় মানুষেরা মন্দিরে পূজা দিয়ে শোভাযাত্রা শুরু করেন। এই যাত্রায় স্থানীয় তৃণমূল পুরপিতা সহ অন্য এক পুরমাতা সহ কয়েকজন রাজনৈতিক কর্মীও পথে হাঁটেন। অন্য আরেকটি শোভাযাত্রা শুরু হয় বেলুড়ের কুলি লাইন মোড় সংলগ্ন একটি মন্দির থেকে। এখানে স্থানীয় ধর্মপ্রাণ মানুষেরা পবনপুত্রের ছবি সহ পথ পরিক্রমা করে। এই শোভাযাত্রায় মহিলাদের সংখ্যা ছিল চোখে পড়ার মতো। এদিকে বেলুড় সাঁইবাবা মন্দির থেকে ঘুসুড়ি বজরঙবলি মন্দির পর্যন্ত একটি মিছিল হয়। হনুমান জয়ন্তী উপলক্ষ এই মিছিল হয়। এতে নেতৃত্ব দেন স্থানীয় ৫৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর চৈতালি বিশ্বাস। শনিবার সকালে প্রায় হাজার খানেক মানুষের এই মিছিল হয়।

অবৈধ সম্পর্কের কথা জানাজানি হতেই আত্মহত্যা গৃহবধূর

নিজস্ব সংবাদদাতা: ভিন ধর্মের যুবকের সঙ্গে সম্পর্কের কথা জানাজানি হওয়ায় আত্মঘাতী হলেন এক গৃহবধূ। মৃতার নাম প্রতিমা মণ্ডল (২৮)। ঘটনাটি সাগরদিঘি থানার শিবপুরের। শনিবার সকালে নিজের বাড়ি থেকে ওই গৃহবধূর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। ঘটনায় প্রতিমা মণ্ডলের স্বামী স্বপন মণ্ডল ওই যুবকের বিরুদ্ধে থানায় অভিযোগ জানিয়েছে। অভিযুক্তের নাম আলম শেখ। স্বপন মণ্ডল পেশায় রাজমিস্ত্রি। শুক্রবার তিনি কলকাতা থেকে বাড়ি ফেরেন। ফিরে তিনি জানতে পারেন পাশের গ্রাম দস্তুরহাটের বাসিন্দা আলম শেখের সঙ্গে তার স্ত্রীর বিবাহবহির্ভূত সম্পর্ক আছে। এমনকি স্বামীর কাছে আড়াল করে আলম শেখকে ৫ হাজার টাকা ধারও দিয়েছিলেন প্রতিমাদেবী। বাড়িতে আলম শেখের আসা যাওয়া রয়েছে তা জানতে পেরে স্ত্রীকে চেপে ধরেন স্বপনবাবু। এই নিয়ে দম্পতির মধ্যে গতরাতে বচসা হয় বলে জানিয়েছেন প্রতিবেশীরা। শনিবার সকালে ডাকাডাকি করে সাড়া না মেলায় ঘরের দরজা ভেঙে প্রতিমাদেবীর ঝুলন্ত দেহ উদ্ধার হয়। সাগরদিঘি থানার পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। অস্বাভাবিক মৃত্যুর মামলা দায়ের করে তদন্ত শুরু করেছে পুলিশ।